

সমষ্টি উন্নয়ন আধিকারিকের করন
মথুরাপুর-২ ব্লক
দক্ষিণ ২৪ পরগনা

মেমো নম্বর : ২৫৫৮/৩৩৫-২

তারিখ: ২৮.০৯.২০২২

বিজ্ঞপ্তি

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন -এর ২৭.০৬.২০১২ তারিখের, পত্রনম্বর : HFW/NRHM-20/2006/(Part II)/১৬৩১ এর আদেশনামা অনুযায়ী দক্ষিণ ২৪ পরগনা জেলার ডায়মন্ড হারবার মহকুমার অন্তর্গত মথুরাপুর-২ ব্লকের নিম্নলিখিত উপস্বাস্থ্যকেন্দ্রের (সংযোজনী - ৩ দ্রষ্টব্য) Accredited Social Health Activist - (ASHA) নিয়োগের উদ্দেশ্যে এই এলাকার অন্তর্গত গ্রামগুলিতে মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য নির্দিষ্ট আবেদনপত্রে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

শর্তাবলী :-

- ১) কেবলমাত্র বিবাহিতা / বিধবা / আদালত কর্তৃক ডিক্রিমুলে বিবাহ বিচ্ছিন্না মহিলারাই আবেদন করতে পারেন।
- ২) আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট পরিষেবা প্রদানের এলাকার বাসিন্দা হতে হবে।
- ৩) সাধারণ প্রার্থীর বয়স ০১/০১/২০২২ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি, তপশিলী উপজাতিভুক্ত প্রার্থীদের বয়সসীমা এই তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।
- ৪) প্রার্থীকে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় অবতীর্ণ হতে হবে, মাধ্যমিক বা সমতুল্য অনূত্তীর্ণ প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন, এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বরই বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চশিক্ষার মূল্যায়নের কোন সুবিধা থাকবে না।
- ৫) গ্রেড ওয়ান এবং গ্রেড টু, স্বনির্ভর গোষ্ঠীর সদস্য, প্রশিক্ষণ প্রাপ্ত দাই, লিংক ওয়ার্কারগন সকলেই বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার পাবেন।
- ৬) যদি কোন এলাকার ৫০ শতাংশের বেশি জনসংখ্যা তপশিলী জাতি / উপজাতি ভুক্ত হয়, তবে সেই এলাকায় পরিষেবা প্রদানের জন্য তপশিলী জাতি / উপজাতি ভুক্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। এটা উল্লেখ্য যে, তপশিলী জাতি / উপজাতি র প্রার্থীরা ন্যূনতম আবশ্যিক যোগ্যতা এবং অন্যান্য যোগ্যতা পূরণ করলে তবেই তারা এই অগ্রাধিকার পাবেন। যদি তপশিলী জাতি / উপজাতি ভুক্ত আবেদনকারীদের মধ্যে থেকে উপযুক্ত প্রার্থী উক্ত পদের জন্য উপলব্ধ না হয় তাহলে ওই এলাকায় পরিষেবা প্রদানের জন্য যোগ্য সাধারণ শ্রেণীভুক্ত প্রার্থী / প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে। উক্ত পদে নির্বাচনের ক্ষেত্রে তপশিলী জাতি / উপজাতি র জন্য কোন সংরক্ষণ নেই। কেবল অগ্রাধিকার দেওয়া হবে (স্মারক নং - HFW-27011 / 375 / 2018-NHM SEC-Deptt of H&FW-Part 2)।
- ৭) একজন আবেদনকারী কেবলমাত্র একটি আবেদনপত্র জমা দিতে পারবেন। একের অধিক আবেদন করলে তার সমস্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য করা হবে।
- ৮) উল্লেখ্য থাকে যে জনস্বার্থে পরবর্তীতে পরিষেবা প্রদান এলাকার পুনর্বিন্যাস হলে সংশ্লিষ্ট আশা কর্মীর কাজের ক্ষেত্রেও পুনর্বিন্যাস হতে পারে।
- ৯) আবেদনকারীর সঙ্গে যে সকল প্রমাণ পত্রের স্ব- প্রত্যায়িত প্রতিলিপি অবশ্যই জমা করতে হবে তা নিচে দেওয়া হল :-
 - ক) বয়সের প্রমাণপত্র হিসাবে জন্ম শংসাপত্র / মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড।
 - খ) এলাকার বাসিন্দা হিসাবে ভোটার পরিচয়পত্র (EPIC) এবং রেশনকার্ড।
 - গ) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণপত্র (তপশিলী জাতি, তপশিলী উপজাতির ক্ষেত্রে)।
 - ঘ) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশীট।
 - ঙ) উপযুক্ত পশ্চিমবঙ্গ সরকার কর্তৃপক্ষের দেওয়া গ্রেড-১ ও গ্রেড-২ স্বনির্ভর গোষ্ঠীভুক্ত সদস্য / প্রশিক্ষণ প্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার প্রমাণপত্র। (প্রযোজ্য হলে)।
 - চ) বিবাহিত প্রার্থীর ক্ষেত্রে বিবাহ নিবন্ধীকরণ শংসাপত্র অথবা বিবাহের যে কোন শংসাপত্র, বিবাহ বিচ্ছিন্না প্রার্থীর ক্ষেত্রে প্রাসঙ্গিক আইনি প্রমাণপত্র, বিধবা প্রার্থীর ক্ষেত্রে তাঁর স্বামীর মৃত্যুর শংসাপত্র জমা দেওয়া প্রয়োজন।
 - ছ) প্রার্থীর স্বাক্ষরসহ ২ কপি পাসপোর্ট সাইজ (রঙীন) ফটো। ১ কপি আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় আটকে দিতে হবে।
 - জ) ৫ টাকা ডাক টিকিট সহ নিজের নাম ঠিকানা লেখা একটি খাম।
 - ঝ) সাম্প্রতিক ভোটার তালিকার বর্তমান অংশ নং, ক্রমিক নং -এর প্রত্যায়িত নকল।
- ১০) শংসাপত্র গুলির মধ্যে যে কোনো একটি আবেদন পত্রের সঙ্গে যুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল করা হবে। ইস্টারভিউ এর সময় প্রার্থীকে অবশ্যই [ক থেকে চা] তে উল্লেখিত প্রমাণ পত্রগুলির আসল দেখাতে হবে।
- ১১) যে সকল নথিগুলি আবেদন করার সময় আবেদন পত্রের সাথে জমা দেওয়া হবে না সেগুলি পরে জমা দিলে গৃহিত হবে না।
- ১২) আবেদন পত্রটি খামে ভরে সংশ্লিষ্ট বি.ডি.ও অফিসের ঠিকানায় জমা দিতে হবে। খামের উপরে নিম্নলিখিত তথ্যাবলী অবশ্যই লিখতে হবে।

"APPLICATION FOR THE POST OF ASHA FOR VILLAGE / AREA

UNDER.....HEALTH SUB CENTRE"

To
The
Office of the Block Development Officer
.....Block
(Respective Block)

Village:

P.O:

P.S:

Dist:

PIN-

- ১৩) আবেদনপত্র জমা দেওয়ার স্থান :- সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করন / (B.D.O) অফিসে সরাসরি আবেদন পত্র জমা দেওয়া যাবে। ডাকযোগে (স্পীড পোস্ট /রেজিস্টার পোস্ট) প্রেরিত আবেদন গ্রাহ্য হবে, তবে তা নিম্নলিখিত সময়সীমার মধ্যে পৌছতে হবে।
- ১৪) আবেদনপত্র জমা দেবার তারিখ : ২৮/০৯/২০২২ থেকে ২৯/১০/২০২২ পর্যন্ত, সকাল ১১ টা থেকে বিকেল ৪ (চার) টা অবধি। (রবিবার ও অন্যান্য সরকারি ছুটির দিন ব্যাধিত)।
- ১৫) আবেদন পত্রের সাথে জমা দেওয়া নথিগুলির মধ্যে কোন রকম ভুল / অসংগতি চিহ্নিত হলে আবেদন পত্রটি নির্বাচন প্রক্রিয়ার যে কোন পর্যায়ে বাতিল হয়ে যাবে। এর জন্য সংশ্লিষ্ট ব্লক কর্তৃপক্ষ আবেদনকারীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারেন।
- ১৬) উপরিউক্ত শর্তপূরণকারী প্রার্থীদের ইন্টারভিউ এর তারিখ, সময় ও স্থান উল্লেখিত পত্র যোগ্য প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হবে।
- ১৭) অসম্পূর্ণ অথবা ত্রুটিপূর্ণ আবেদন খারিজ করা হবে এবং পরবর্তীকালে কোনোরকম অনুরোধ -উপরোধ গ্রাহ্য করা হবে না।
- ১৮) নির্বাচনের পদ্ধতি - ক) মাধ্যমিক পরীক্ষা অথবা সমতুল্য অন্যান্য পরীক্ষাতে মোট প্রাপ্ত নম্বর (৯০ শতাংশ মূল্যায়ণ) , খ) ইন্টারভিউ এ প্রাপ্ত নম্বর (১০ শতাংশ মূল্যায়ণ)
- ১৯) আবেদন পত্রটি সংযোজনী -১, সংযোজনী -২ (স্ব-ঘোষণা পত্র) এবং উপস্থাপনকেন্দ্র ভিত্তিক ASHA-দের শূন্যপদের তালিকা সংযোজনী -৩ এ উল্লেখিত হল।

: সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ের ঠিকানা:

মথুরাপুর-২ সমষ্টি উন্নয়ন আধিকারিক

গ্রাম-কোম্পানির ঠেক

পো- বকুলতলা

থানা- রায়দিঘী

পিন নং-৭৪৩৩৪৯

জেলা- দঃ ২৪ পরগনা

সমষ্টি উন্নয়ন আধিকারিক

মথুরাপুর-২ ব্লক

দক্ষিণ ২৪ পরগনা

তারিখ: ২৮.০৯.২০২২

মেমো নম্বর : ২৫৫৮/১(২৭)/১৯৫-২

অবগতির জন্য নিম্নলিখিত করণে প্রেরিত হল :-

- ১) জেলা শাসক ও জেলা সমাহর্তা, দক্ষিণ ২৪ পরগনা তথা চেয়ারপার্সন, আশা নির্বাচন কমিটি দক্ষিণ ২৪ পরগনা।
- ২) মহকুমা শাসক, ডায়মন্ড হারবার মহকুমা, দক্ষিণ ২৪ পরগনা তথা মেম্বার সেক্রেটারি, আশা নির্বাচন কমিটি, বারুইপুর মহকুমা।
- ৩) ডি. পি. এইচ. এন. ও, দক্ষিণ ২৪ পরগনা।
- ৪) ডি. পি. ও. (আই সি. ডি. এস.), দক্ষিণ ২৪ পরগনা।
- ৫) ব্লক স্বাস্থ্য আধিকারিক, মথুরাপুর-২, দক্ষিণ ২৪ পরগনা।
- ৬) প্রধান, গ্রাম পঞ্চায়েত(সমস্ত) মথুরাপুর-২ ব্লক।
- ৭) ডি. আই .ও-এন.আই.সি, আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা - ওফিসিয়াল ওয়েবসাইট-এ আপলোড করার জন্য প্রেরণ করা হল।

সমষ্টি উন্নয়ন আধিকারিক

মথুরাপুর-২ ব্লক

দক্ষিণ ২৪ পরগনা

| | | | | | |
|---|--|---|--|--|--|
| For Office Use Only Received On/...../ 2022 | | সমষ্টি (ব্লক) | | প্রার্থীর পাসপোর্ট মাপের সাম্প্রতিক স্বাক্ষরসহ রঙীন ছবি আঠা দিয়ে লাগান। (পিন/স্টেপল / সেলাই করবেন না) | |
| Block / GP Code/ Sansad / SI No. _____/_____/_____/_____ | | প্রতি সমষ্টি (ব্লক) উন্নয়ন আধিকারিক, ----- সমষ্টি (ব্লক) এতদ্বারা নিম্ন বিবৃত বিশদ ও সংলগ্নীকৃত নথিসহ আমার আবেদন পত্র দাখিল করছি। | | | |
| আবেদনকারীর নাম : | | গ্রাম পঞ্চায়েতের নাম : | | উপস্বাস্থ্য কেন্দ্রের নাম : | |
| জন্মতারিখ : DD/MM/YYYY | | বয়স (০১.০১.২০২২ - এর ভিত্তিতে : বছর মাস..... দিন) | | | |
| স্বামী :- | | পিতা :- | | | |
| সাধারণ বসবাসের ঠিকানা | | গ্রাম :- | | পোঃ- | |
| | | থানা :- | | জেলা :- | |
| মোবাইল নং | | আধার কার্ড নং:- | | | |
| বৈবাহিক স্থিতি (প্রযোজ্য স্থানে <input checked="" type="checkbox"/> চিহ্ন দিন) | | বিবাহিতা | | বিবাহ বিচ্ছিন্না | |
| উপস্বাস্থ্যকেন্দ্র হতে বসবাস ঠিকানার দূরত্ব (কি. মি.) :- | | বিধবা | | | |
| SC/ST (প্রযোজ্য হলে) | | Ration Card নং | | | |
| ০১/০১/২০২২ তারিখে সাম্প্রতিক ভোটার লিস্ট অনুসারে | | সচিত্র পরিচয় পত্র নং | | অংশ নং | |
| আবেদনকারীর | | | | ক্রমিক নং | |
| স্বামীর | | | | | |
| পিতা | | | | | |
| মাধ্যমিক বা সমতুল পরীক্ষার বিশদ বিবরণ (অতিরিক্ত বিষয় ছাড়া) :- | | | | | |
| পরীক্ষার নাম | | বোর্ড | | পারীক্ষায় বসার বৎসর | |
| | | | | মোট নম্বর | |
| | | | | প্রাপ্ত নম্বর | |
| | | | | শতকরা (%) | |
| নিম্নলিখিত স্ব-প্রত্যয়িত নকল আবেদন পত্রের সাথে সংযোজন করা হল | | | | | |
| ১) অ্যাডমিট কার্ডের জন্য প্রার্থীর স্বাক্ষর সহ সাম্প্রতিক রঙীন পাসপোর্ট ছবি। | | | | | |
| ২) ৫ টাকা ডাক টিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম। | | | | | |
| ৩) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট / জন্ম তারিখের শংসাপত্র। | | | | | |
| ৪) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশীট। | | | | | |
| ৫) নির্বাচন পরিচয় পত্র (EPIC Card) এবং রেশন কার্ড। | | | | | |
| ৬) বিবাহ নিবন্ধীকরণ শংসাপত্র / বিবাহ বিচ্ছিন্না প্রাসঙ্গিক আইনি প্রমানপত্র / স্বামীর মৃত্যুর শংসাপত্র (যেটি প্রযোজ্য)। | | | | | |
| ৭) SC/ST শংসাপত্র (প্রযোজ্য হলে)। | | | | | |
| ৮) স্ব-নির্ভরগোষ্ঠী / প্রশিক্ষনপ্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার এর শংসাপত্র। | | | | | |
| ৯) সাম্প্রতিক ভোটার তালিকার বর্তমান অংশ নং, ক্রমিক নং - এর নকল। | | | | | |
| ঘোষণা | | | | | |
| আমি পূর্ণ জ্ঞান ও বিশ্বাস সহ ঘোষণা করছি যে, উপরি বর্ণিত তথ্যাদির প্রমান নথি মূল সত্য। কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে আমার আবেদনপত্র, তা সে যে অবস্থাতেই থাকুক, বাতিল বলে গণ্য হবে এবং আমি কোন অসাধু প্রভাব খাটানোর চেষ্টা করলে কর্তৃপক্ষ আমার প্রার্থীপদ খারিজ করে দিতে পারেন। | | | | | |
| স্থান ও তারিখ : | | | | | |
| আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর | | | | | |

আবেদনকারী বৈবাহিক অবস্থার জন্য স্ব-ঘোষণা (বিবাহিত / বিধবা / বিবাহ বিচ্ছিন্ন)

আমি শ্রীমতি _____ পিতা / স্বামী _____

_____ (এলাকা) অধীন _____ উপ স্বাস্থ্য কেন্দ্রের আশা পদের জন্য
আবেদন করছি।

আমি এতদ্বারা ঘোষণা করছি যে :-

১) আমি _____ গ্রাম _____ পোঃ _____
থানা _____ পিন নং _____ বাসিন্দা।

২) আমি শ্রী (স্বামীর নাম) _____ পিতা _____ এর সাথে
_____ বছর বৈবাহিক বন্ধনে আবদ্ধ আছি।

অথবা

৩) আমার স্বামী শ্রী _____ পিতা _____ পরলোক
গমন করিয়াছেন। তার মৃত্যুর তারিখ _____।

অথবা

৪) আমার _____ বছর পূর্বে শ্রী _____ পিতা _____
এর সাথে বিবাহ বিচ্ছেদ হয়েছে।

আমি ঘোষণা করছি যে আমার দেওয়া উপরের তথ্যাবলী আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য ও সঠিক।

তারিখ :

আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর

| Block List | | | | | | | | | | | | |
|----------------------------------|----------------------|---------------|---------------|-------------------------|-----------------------------------|--|--------------------------------------|-----------------------------------|--------------------|-----------------------------------|--------------------|-----------------------------------|
| Vacancy of ASHA in Mathurapur II | | | | | | | | | | | | |
| Diamond Harbour Sub Division | | | | | | | | | | | | |
| Vacancy No | Name of Sub-division | Name of Block | Name of GP | Name of Sub Centre | Service Area | Part No. of the concerned Service Area | Total Population of the Service Area | SC Population of the service area | % of SC Population | ST Population of the Service Area | % of ST Population | Preference of ST/SC given, if any |
| 1 | Diamond Harbour | Mathurapur II | Kashinagar | Purandarpur | Arjuntala | 107 | 1000 | 300 | 30 | 0 | 0 | |
| 1 | Diamond Harbour | Mathurapur II | Gilerchat | Baidyapara | Kalikapur Haiderpara, Baidyapara | 129,131 | 1100 | 300 | 27.27272727 | 0 | 0 | |
| 1 | Diamond Harbour | Mathurapur II | Nandakumarpur | Narendrapur | Haldergheri | 274 | 1200 | 962 | 80.16666667 | 0 | 0 | SC prefer |
| 1 | Diamond Harbour | Mathurapur II | Khari | Gazmuri | Ghoserchak | 115 | 1004 | 50 | 4.980079681 | 0 | 0 | |
| 1 | Diamond Harbour | Mathurapur II | Khari | Gazmuri | Sasanpara | 112 | 1000 | 400 | 40 | 0 | 0 | |
| 1 | Diamond Harbour | Mathurapur II | Raidighi | 24 no Lat | 24 no lat Tantipara | 184 | 900 | 360 | 40 | 0 | 0 | |
| 1 | Diamond Harbour | Mathurapur II | Kankandighi | Paschimjata | Purba Paschim Musalman para | 229 | 1019 | 89 | 8.734052993 | 203 | 19.92149166 | |
| 1 | Diamond Harbour | Mathurapur II | Ngendrapur | Nagendrapur Pradhanpara | Hatpara Keoratala, Pradhanpara | 254,259 | 1000 | 200 | 20 | 200 | 20 | |
| 1 | Diamond Harbour | Mathurapur II | Kumrapara | Derhazar | Bamunergheri, Dakhin Singhergheri | 226,225 | 1108 | 112 | 10.10830325 | 0 | 0 | |

Signature of BDO *[Signature]* 04/8/22
 Mathurapur-II Block
 Block Development Officer
 Mathurapur-II Development Block
 South 24 Parganas.

Countersigned *[Signature]* 08/08/22
 Signature of SDO
 Diamond Harbour Sub-Div.
 Sub-Divisional Office,
 Diamond Harbour
 South 24 Parganas, W.B.

Signature of BMOH *[Signature]* 4/8/22
 Mathurapur-II Block
 B.M.O.H.
 RAIDIGHI RURAL HOSPITAL
 MATHURPUR-II, S-24 PGS

Countersigned
 Signature of CMOH *[Signature]* 16/8/22
 Diamond Harbour HD
 C.M.O.H. & Secretary
 District Health & Family Welfare Samiti
 Diamond Harbour Health District